



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

আইন বিভাগ, বোর্ড সচিবালয়

ওয়াদা ভবন (রুম নং- ৬০৪), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন: ৪৭১১২৫৭৮, ইমেইল: dd.legal.bwdb@gmail.com



স্মারক নং-৪২.০১.০০০০.৬৭৬.০৪.০২৯.০৩-৩৮৯

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ

সার্কুলার

গত ১৬/০৩/২০২০ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত উচ্ছেদ অভিযান এবং এতদবিষয়ে রুজুকৃত মামলা সম্পর্কে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয় কর্তৃক কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত প্রদান করা হয়। এ বিষয়টি ১৬/০৩/২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ৮নং ক্রমিকের সিদ্ধান্তে বর্ণিত হয়েছে। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত বিষয়সমূহ যথাযথভাবে প্রতিপালনের লক্ষ্যে মাঠ পর্যায়ের নির্বাহী প্রকৌশলীগণের প্রতি অনুরোধ জ্ঞাপন করা হলো:

(ক) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অনুকূলে অধিগ্রহণকৃত ভূমি হতে অবৈধ দখলদার উচ্ছেদ প্রক্রিয়ার সাথে আইন বিভাগ, বাপাউবো, ঢাকা- কে সম্পৃক্ত করতে হবে।

(খ) উচ্ছেদ প্রক্রিয়ার বিরুদ্ধে মামলা হওয়া মাত্র সকল তথ্যাদি পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

২। এ সার্কুলার জারির বিষয়ে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

(মো: ছাইফুল ইসলাম)

উপপরিচালক (আইন বিষয়ক)

বাপাউবো, ঢাকা।

অনুলিপি:

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী (সকল),, বাপাউবো,

২। প্রকল্প পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল),, বাপাউবো,

৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৪। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং- এর দপ্তর, বাপাউবো, ঢাকা। সার্কুলারটি বাপাউবো- এর ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৫। নির্বাহী প্রকৌশলী (সকল),, বাপাউবো,

৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পারিকল্পনা)/ সচিব, বাপাউবো, ঢাকা।